

বাজেটে উন্নয়ন বরাদ্দের ৪০% কৃষিখাতে বরাদ্দসহ বিভিন্ন দাবিতে কৃষক-ক্ষেতমজুর সমাবেশ ও কৃষিমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ

ভ্যানগার্ড প্রতিবেদক



জাতীয় বাজেটে উন্নয়ন বরাদ্দের ৪০% কৃষি খাতে বরাদ্দসহ সার, বিদ্যুৎ, বীজ, কীটনাশক, ডিজেল (কৃষি উৎপাদন উপকরণে) ভর্তুকি, কৃষি শুমারির ভিত্তিতে কৃষকদের জমির পরিমাণ নির্ধারণপূর্বক শ্রেণীবিন্যাস এবং রেজিস্ট্রেশন পদ্ধতি ও প্রত্যক্ষ ভর্তুকি চালু, দুর্নীতি রোধ, ভূমিহীন ক্ষেতমজুর-দরিদ্র চাষীদের রেজিস্ট্রেশন কার্ড দিয়ে সারা বছরের কাজ এবং খাদ্যের নিশ্চয়তা প্রদান, আর্মি-রেটে পূর্ণ গ্রামীণ রেশনিং চালু, উৎপাদন খরচের ৪০% মূল্য সহায়তার মাধ্যমে খেদ কৃষকের কাছ থেকে হাটে হাটে ক্রয় কেন্দ্র খুলে ধানসহ প্রধান প্রধান কৃষিপণ্য ক্রয়, অভাবী বিক্রয় ও দান চক্রের হাত থেকে কৃষককে রক্ষা, মহাজনী ঋণ ও এনজিও ঋণের সুদি কারবার আইন করে নিষিদ্ধ করে সহজ শর্তে সরল সুদে দরিদ্র-মাঝারী কৃষকসহ গ্রামীণ শ্রমজীবীদের ঋণপ্রাপ্তির ব্যবস্থা, কৃষিভিত্তিক শিল্পপ্রতিষ্ঠান নির্মাণ করে বেকার সমস্যার সমাধান, আদমজীসহ বন্ধ সকল পাটকল ও চিনি কল চালু করার উদ্যোগ গ্রহণের জন্য সমাজতান্ত্রিক ক্ষেতমজুর ও কৃষক ফ্রন্টের

উদ্যোগে ২৮ মে সকাল ১১টায় ঢাকার মুক্তাঙ্গনে কৃষক-ক্ষেতমজুর সমাবেশ ও র্যালি অনুষ্ঠিত হয়।

সংগঠনের সভাপতি কমরেড শুভ্রাংশু চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন বাসদ আহ্বায়ক কমরেড খালেকুজ্জামান, বাংলাদেশ ক্ষেতমজুর ইউনিয়নের সাধারণ সম্পাদক সাইফুল হক, বাংলাদেশ ক্ষেতমজুর সমিতির সভাপতি শামসুজ্জামান সেলিম, বাংলাদেশ কৃষক ফেডারেশনের সভাপতি বদরুল আলম, কৃষক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আহসানুল হাবীব সাদ্দেদ, কেন্দ্রীয় সদস্য হাসিনুর রহমান, দুগ্ধ চাষী আন্দোলনের নেতা ও কেন্দ্রীয় সদস্য এড. আনোয়ার হোসেন, আদিবাসী নেতা ও কেন্দ্রীয় সদস্য মঞ্জল কিসকু। সভা পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ।

সমাবেশ শেষে একটি মিছিল মুক্তাঙ্গন থেকে শুরু হয়ে নূরহোসেন স্কোয়ার, গুলিস্তান, স্টেডিয়াম, দৈনিক বাংলা, বায়তুল মোকাররম ঘুরে নগর ভবনের সামনে দিয়ে চানখারপুল, মেডিকেল হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

মিছিল শেষে সংগঠনের সভাপতি শুভ্রাংশু চক্রবর্তী ও সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ মাননীয় কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরীর সাথে সচিবালয়স্থ কার্যালয়ে সাক্ষাৎ করে কৃষিখাতে বাজেটের ৪০% বরাদ্দসহ উপরোক্ত দাবি সম্বলিত স্মারকলিপি পেশ করেন। মন্ত্রী ন্যায়সঙ্গত দাবিসমূহ বাস্তবায়নের আশ্বাস দেন।



কৃষক ফ্রন্টের কমিটি গঠন

মীরসরাই : গত ১৯ মে এক কর্মসভায় জাহাঙ্গীর আলমকে সভাপতি ও শ্যামল দে'কে সাধারণ সম্পাদক করে ১৪ সদস্যবিশিষ্ট ১ নং করেরহাট ইউনিয়ন কমিটি গঠন করা হয়।

গাজীপুর : হাবিবুর রহমানকে আহ্বায়ক ও অনন্ত কিশোর বর্মণকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ৮ সদস্যবিশিষ্ট কাউলতিয়া ইউনিয়ন শাখা কমিটি গঠন করা হয়।